রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ - ২

ঋণ ও অগ্রিম বিভাগ-২ সার্কুলার নং-০৩/২০১৯ তারিখ : ৩০.০৯.২০১৯

বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অধিকাংশ শিক্ষক/শিক্ষিকা নিজ বাড়িতে অথবা নিজ এলাকায় থেকে শিক্ষকতা করেন। শিক্ষকতার পাশাপাশি তাঁদের অনেকেই গাভী পালন, গরু মোটা-তাজাকরণ, হাঁস-মুরগি পালন, মৎস্য চাষ, নার্সারী স্থাপন, ক্ষুদ্র ব্যবসা পরিচালনা ইত্যাদি নানাবিধ আয় উৎসারী কাজে জড়িত রয়েছেন। সীমিত বেতন আয় থেকে পারিবারিক খরচ সংকুলানের পর এ সকল আয় উৎসারী কর্মকান্ডে অর্থ বিনিয়োগ করা তাদের পক্ষে সম্ভব হয়ে উঠে না। বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে রাকাব, ঋণ ও অগ্রিম বিভাগ-২ থেকে গত ১৪.০৮.২০১৮ তারিখে 'সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি' বিষয়ক সার্কুলার নং-০৩/২০১৮ মাঠ পর্যায়ে জারী করা হয়।

০২। উক্ত সার্কুলার মোতাবেক এ ঋণ কর্মসূচির আওতায় একজন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকার অনুকূলে ৯% (ফ্ল্যাট রেট) সুদে ৪৮ মাস মেয়াদে সর্বোচ্চ ০২(দুই) বছরের মূল বেতনের সমপরিমাণ অথবা সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত ঋণ মঞ্জুরির অবকাশ রয়েছে। অষ্টম জাতীয় বেতন স্কেল চালু হওয়ায় শিক্ষক/শিক্ষিকাদের বেতন-ভাতা বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। পাশাপাশি জীবন যাত্রার মান আরো উন্নত হয়েছে। আধুনিক প্রযুক্তি নির্ভর যুগে বহুমুখী চাহিদা ও প্রয়োজনের সীমা ব্যাপকতর হয়েছে। মাঠ পর্যায়ে থেকে এ ঋণসীমা ও ঋণ পরিশোধের সময়সীমা বৃদ্ধির প্রস্তাবের প্রেক্ষিতে গত ২১.০৮.২০১৯ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৫০২ তম সভায় একটি সার-সংক্ষেপ পেশ করা হলে পর্ষদ কর্তৃক ঋণের সিলিং ও ঋণ পরিশোধের মেয়াদ বৃদ্ধিসহ ঋণ নীতিমালার কিছু শর্ত সংযোজন/সংশোধনের অনুমোদন প্রদান করা হয়। এমতাবস্থায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি বিষয়ক গত ১৪.০৮.২০১৮ তারিখে জারীকৃত ০৩/২০১৮ নম্বর সার্কুলারটি বাতিল করে নিম্নোক্ত ঋণ নীতিমালা জারী করা হলো।

০১. **কর্মসূচির নাম :** সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি।

০২. **ঋণের উদ্দেশ্য :**

Corporate Social Responsibility (CSR) এর বিষয়টি বিবেচনা করে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের চাকুরীর পাশাপাশি বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ডে সম্পৃক্ত করে তাদের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত খাতসমূহের আওতায় ঋণ বিতরণ করা :

(০১) গাভী পালন;
(০২) গরু মোটা-তাজাকরণ;
(০৩) হাঁস-মুরগি পালন;
(০৪) মৎস্য চাষ;
(০৫) ক্ষুদ্র ব্যবসা
(০৬) সবজি ও ফলের বাগান চাষ ও পরিচর্যা;
(০৭) নার্সারী স্থাপন;
(০৮) সৌরশক্তি প্ল্যান্ট;
(০৯) বায়োগ্যাস প্ল্যান্ট;
(১০) সন্তানদের উচ্চ শিক্ষা;
(১১) নিজের ও পরিবারের সদস্যদের চিকিৎসা ;
(১২) অন্যান্য বৈধ আয় উৎসারী কর্মকান্ড ; এবং
(১৩) বিভিন্ন কৃষি পণ্যের উৎপাদন ও বিপণন।

উল্লেখ্য, সৌরশক্তি ও বায়োগ্যাস প্ল্যান্ট অগ্রাধিকার খাত হিসেবে বিবেচিত হবে।

০৩. **ঋণ কার্যক্রমের অধিক্ষেত্র :**

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের যে সকল শাখার মাধ্যমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের বেতন-ভাতাদি প্রদান করা হয়, কর্মসূচিটির আওতায় কেবলমাত্র সেই সকল শাখার মাধ্যমে ঋণ বিতরণ করা হবে।

চলমান পাতা-০২

০৪. **ঋণ প্রাপ্তির যোগ্যতা :**
(ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা হিসেবে কর্মরত, তবে যাদের চাকুরী স্থায়ীকরণ করা হয়নি বা যাদের বিরুদ্ধে চার্জশীট আছে বা যারা সাময়িকভাবে বরখাস্ত আছেন তারা এ ঋণ পাওয়ার যোগ্য হবেন না।
(খ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ঋণ প্রদানকারী শাখার মাধ্যমে আবেদনকারীর বেতন-ভাতাদি প্রদেয় হতে হবে।
(গ) ঋণ বিতরণকারী শাখার কার্যএলাকা/সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
(ঘ) মাসিক বেতন আয়ের এক-তৃতীয়াংশ ব্যতীত ঋণের মাসিক কিস্তি সংকুলান হতে হবে।
(ঙ) উপজেলা/শাখার আওতাধীন এলাকায় ঋণগ্রহিতার আয় উৎসারী কর্মকান্ড পরিচালিত হতে হবে।

০৫. **ঋণ আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র :**
(ক) ব্যাংকের নির্ধারিত ফরমে ঋণ আবেদন পত্র (সংযুক্তি-ক)।
(খ) নিয়ন্ত্রণকারী কর্মকর্তা/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ব্যাংকের সিনিয়র অফিসার বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি।
(গ) ঋণ আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) উপজেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত এমপ্লয়ার্স সার্টিফিকেট (চাকুরীর মেয়াদকাল, বৈতনিক আয়, ঋণ গ্রহণে অনাপত্তি ইত্যাদি উল্লেখসহ) নির্ধারিত ফরম মোতাবেক।
(ঙ) ব্যাংকের নির্ধারিত ফরমে নিশ্চয়তা প্রদানকারী কর্তৃক প্রদত্ত গ্যারান্টি বন্ড (গ্রাহকের সমপদমর্যাদা বা তদূর্ধ্ব পদমর্যাদার ব্যক্তির নিকট হতে)।
(চ) স্থায়ী বাসিন্দা/নাগরিকত্ব সনদপত্র (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত)।
(ছ) অঙ্গীকারনামা (সংযুক্তি- 'চ' মোতাবেক)। অঙ্গীকারনামায় স্বাক্ষী হিসেবে সাধারণ শিক্ষক/শিক্ষিকার ক্ষেত্রে প্রধান শিক্ষকের এবং প্রধান শিক্ষকের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে।
(জ) উন্নয়নমূলক/আয় উৎসারী কর্মকান্ডের ক্ষেত্রে পরিকল্পনার বিবরণ ও প্রয়োজনীয় টাকার পরিমাণ উল্লেখসহ যে জমি/স্থানে যে কর্মকান্ড পরিচালিত হবে তার বিবরণ।

০৬. **ঋণ আবেদন, প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অন্যান্য ফি :**
(ক) ব্যাংকের বিধি মোতাবেক ঋণ প্রক্রিয়াকরণ ফি ব্যতীত অন্য কোন ফি প্রযোজ্য হবে না (এতদবিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলারের নির্দেশনা কার্যকরী হবে)।
(খ) রাকাব, ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত ঋণের বিপরীতে সম্পাদিত দলিল-দস্তাবেজের জন্য প্রযোজ্য স্ট্যাম্প ডিউটি প্রদান বিষয়ক সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৭. **ঋণ সীমা :**
সর্বোচ্চ ০৩(তিন) বছরের মূল বেতনের সমপরিমাণ, তবে ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকার উর্ধ্বে নয়। বেতন কাঠামো, চাকুরীর বয়স ইত্যাদি বিবেচনায় ঋণের পরিমাণ নির্ধারণ করতে হবে। সেক্ষেত্রে ঋণগ্রহিতার অন্য আয়ের উৎস বিবেচনা করা যেতে পারে।

০৮. **ঋণ মঞ্জুরি ক্ষমতা :** ঋণের পরিমাণ নির্বিশেষে শাখা ব্যবস্থাপক এ ঋণ মঞ্জুর করবেন।

০৯. **ঋণের দলিলায়ন :**
(ক) ডিপি নোট।
(খ) উপজেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত এমপ্লয়ার্স সার্টিফিকেট (সংযুক্তি 'খ')।
(গ) ব্যাংকের নির্ধারিত ফরমে মাসিক কিস্তি পরিশোধের অংগীকারনামা/ক্ষমতা অর্পণ পত্র (সংযুক্তি 'গ')।
(ঘ) নিশ্চয়তা প্রদানকারী কর্তৃক প্রদত্ত গ্যারান্টি বন্ড/অংগীকারনামা (সংযুক্তি 'ঘ')।
(ঙ) নির্ধারিত মাসিক কিস্তির জন্য ঋণগ্রহিতা কর্তৃক যথাযথভাবে স্বাক্ষরিত ও ব্যাংকের অনুকূলে প্রদত্ত ১২/২৪/৩৬/৪৮/৬০টি অগ্রিম তারিখের চেক (Post dated cheque)।
(চ) স্বামীর ক্ষেত্রে স্ত্রীর এবং স্ত্রীর ক্ষেত্রে স্বামীর Spouse guarantee (সংযুক্তি-ঙ)।

১০. **সুদের হার :** বার্ষিক ৯% ফ্ল্যাট রেট (ঋণের সুদহার নীতিমালা অনুযায়ী সময় সময় পরিবর্তনযোগ্য)।
১১. **ঋণ বিতরণ পদ্ধতি :** ব্যাংক শাখায় ঋণগ্রহিতার সঞ্চয়ী হিসাবের মাধ্যমে মঞ্জুরিকৃত ঋণ প্রদান করা হবে।
১২. **ঋণের মেয়াদ :** ঋণ বিতরণের তারিখ হতে সর্বোচ্চ ৬০ মাস (৫ বছর)।

চলমান পাতা-০৩

১৩. **ঋণ পরিশোধ পদ্ধতি :**

ঋণ বিতরণের পরবর্তী মাস থেকে শুরু করে ১২/২৪/৩৬/৪৮/৬০টি মাসিক কিস্তিতে ঋণ (সুদ ও আসল) পরিশোধযোগ্য। প্রতি মাসের ১০ তারিখের মধ্যে নিম্নোক্ত হারে মাসিক কিস্তি পরিশোধযোগ্য।
উল্লেখ্য, চাকুরীকাল বিবেচনায় ঋণের কিস্তি এমনভাবে নির্ধারণ করতে হবে যেন ঋণগ্রহিতা পিআরএল এ গমনের ০১ (এক) মাস পূর্বেই ঋণের সর্বশেষ কিস্তি আদায় নিশ্চিত হয়।

ক্রঃ নং	ঋণের পরিমাণ	১২ মাসে পরিশোধযোগ্য হলে কিস্তির পরিমাণ	২৪ মাসে পরিশোধযোগ্য হলে কিস্তির পরিমাণ	৩৬ মাসে পরিশোধযোগ্য হলে কিস্তির পরিমাণ	৪৮ মাসে পরিশোধযোগ্য হলে কিস্তির পরিমাণ	৬০ মাসে পরিশোধযোগ্য হলে কিস্তির পরিমাণ
১	১,০০,০০০/-	৯০৮৪/-	৪৯১৭/-	৩৫২৮/-	২৮৩৪/-	২৪১৭/-
২	২,০০,০০০/-	১৮১৬৮/-	৯৮৩৪/-	৭০৫৬/-	৫৬৬৮/-	৪৮৩৪/-
৩	৩,০০,০০০/-	২৭২৫২/-	১৪৭৫১/-	১০৫৮৪/-	৮৫০২/-	৭২৫০/-
৪	৪,০০,০০০/-	৩৬৩৩৬/-	১৯৬৬৮/-	১৪১১২/-	১১৩৩৬/-	৯৬৬৭/-
৫	৫,০০,০০০/-	৪৫৪২০/-	২৪৫৮৫/-	১৭৬৪০/-	১৪১৭০/-	১২০৮৩/-
৬	৬,০০,০০০/-	৫৪৫০০/-	২৯৫০০/-	২১১৬৭/-	১৭০০০/-	১৪৫০০/-
৭	৭,০০,০০০/-	৬৩৫৮৪/-	৩৪৪১৭/-	২৪৬৯৫/-	১৯৮৩৪/-	১৬৯১৭/-
৮	৮,০০,০০০/-	৭২৬৬৭/-	৩৯৩৩৪/-	২৮২২৩/-	২২৬৬৭/-	১৯৩৩৪/-

১৪. **বিশেষ নির্দেশনা :**

(ক) শাখা কর্তৃক সরেজমিন তদন্ত করে সার্বিক বিষয় নিশ্চিত হয়ে ঋণ প্রদান করতে হবে;

(খ) ঋণ আবেদনকারী এ ব্যাংক থেকে অন্য খাতে ঋণ গ্রহণ করে থাকলেও এ কর্মসূচির আওতায় ঋণ বিতরণ করা যাবে। তবে, পূর্বে গৃহিত ঋণটি নিয়মিত থাকতে হবে;

(গ) স্থানীয় অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ আবেদনকারীর দায়-দেনা আছে কিনা তার তথ্য ব্যাংকের প্রচলিত নিয়মে সংগ্রহ করতে হবে। কোন ঋণ খেলাপীকে এই কর্মসূচির আওতায় ঋণ সুবিধা প্রদান করা যাবে না। এ ছাড়াও **ঋণ প্রদানের পূর্বে ঋণ আবেদনকারীর নামে সিআইবি রিপোর্ট সংগ্রহ করতে হবে ;**

(ঘ) ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ঋণগ্রহিতার যোগ্যতা এবং বাস্তবতার নিরীখে প্রকৃত ঋণের চাহিদা সঠিকভাবে যাচাই করে যথাযথ পরিমাণ ঋণ মঞ্জুর করতে হবে। প্রকৃত চাহিদার চেয়ে অধিক পরিমাণ ঋণ মঞ্জুর করা যাবে না ;

(ঙ) কর্মসূচির আওতায় ঋণ কার্যক্রম নিবিড় তত্ত্বাবধানমূলক বিধায়, ঋণের কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে আদায়ের বিষয়ে তৎপর থাকতে হবে ;

(চ) ব্যাংক থেকে ঋণের অর্থ গ্রহণপূর্বক নির্ধারিত খাতে বিনিয়োগ না করে ঋণের অর্থ অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। ঋণ বিতরণের পর সংশ্লিষ্ট মাঠকর্মী/শাখা ব্যবস্থাপক সরেজমিনে যাচাই করে ঋণের সদ্ব্যবহার নিশ্চিত করবেন এবং একটি সদ্ব্যবহার প্রতিবেদন ঋণ নথিতে সংরক্ষণ করবেন ;

(ছ) যদি ঋণগ্রহিতা বা নিশ্চয়তা প্রদানকারীর কর্মস্থল/ঠিকানা পরিবর্তন হয় তবে তৎক্ষণাৎ পরিবর্তিত কর্মস্থল/ঠিকানা ব্যাংকের ঋণ বিতরণকারী শাখায় জানাতে হবে। ঋণ গ্রহণকারী শিক্ষক/শিক্ষিকা অন্যত্র বদলী হলে নতুন বদলীকৃত স্থানে অবস্থিত রাকাবের সংশ্লিষ্ট শাখায় ঋণ হিসাবটি স্থানান্তর করতে হবে। রাকাবের উক্ত শাখা হতে সংশ্লিষ্ট ঋণগ্রহিতার বেতন প্রদান করা হলে ঐ শাখায় তার সঞ্চয়ী হিসাবের বিপরীতে প্রয়োজনীয় সংখ্যক Post dated cheque গ্রহণ করতে হবে। রাকাবের সংশ্লিষ্ট শাখার মাধ্যমে বেতন প্রদান করা না হলে বেতনের অর্থ প্রদানকারী অন্য ব্যাংকের শাখায় ঋণগ্রহিতার সংশ্লিষ্ট সঞ্চয়ী হিসাবের বিপরীতে প্রয়োজনীয় সংখ্যক Post dated cheque গ্রহণ করতে হবে ; এবং

(জ) ঋণগ্রহিতা শিক্ষক/শিক্ষিকাসহ অন্যান্য শিক্ষক/শিক্ষিকাদের নামে এ ব্যাংকে বিদ্যমান বিভিন্ন আমানত স্কীম হিসাব খোলার পদক্ষেপ নিতে হবে।

০৩। **কর্মসূচি বাস্তবায়ন ও মুল্যায়ন :**

(ক) কর্মসূচিটি সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতার জন্য সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তাদের জোন ও শাখার পক্ষ থেকে অনুরোধ জানাতে হবে। সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপক উপজেলা শিক্ষা কর্মকর্তার সাথে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে কর্মসূচিটি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

চলমান পাতা-০৪

(খ) জোনাল ব্যবস্থাপকগণ জোনের আওতাধীন শাখাসমূহ পরিদর্শনকালে কর্মসূচিটির আওতায় ঋণ বিতরণ, ঋণ আদায় এবং কোনরূপ সমস্যা থাকলে তা চিহ্নিত করে শাখা ব্যবস্থাপককে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

(গ) ঋণ বিতরণকারী শাখাসমূহ প্রতি মাসের ৭ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের এ ঋণ কর্মসূচি বিষয়ক বিবরণী নির্ধারিত ছকে (সংযুক্তি 'ছ') জোনাল কার্যালয়ে প্রেরণ করবে। জোনাল কার্যালয় শাখাসমূহ থেকে প্রাপ্ত বিবরণী সংকলন করে ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ এ প্রেরণ নিশ্চিত করবে।

০৪। খেলাপী ঋণের ক্ষেত্রে আইনগত পদক্ষেপ গ্রহণ :

(ক) কোন অবস্থাতেই এ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণ যেন খেলাপী না হয় সে বিষয়ে শাখা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের তৎপর থাকতে হবে।

(খ) কোন ঋণগ্রহিতা যথাসময়ে ঋণের কিস্তি পরিশোধ না করলে সংশ্লিষ্ট ঋণগ্রহিতাকে নোটিশ প্রদান ছাড়াও ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে হবে। নোটিশের কপি সংশ্লিষ্ট প্রধান শিক্ষক ও নিশ্চয়তা প্রদানকারী এবং প্রধান শিক্ষকের ক্ষেত্রে উপজেলা শিক্ষা অফিসার ও নিশ্চয়তা প্রদানকারীর নিকট প্রেরণ করতে হবে।

(গ) নোটিশ প্রেরণ ও ব্যক্তিগত যোগাযোগ সত্ত্বেও ঋণগ্রহিতা কর্তৃক ঋণের কিস্তি/ঋণের অর্থ পরিশোধ করা না হলে তাৎক্ষনিকভাবে এনআই এ্যাক্টের আওতায় মামলা দায়ের করতে হবে। এছাড়াও ব্যাংকের ঋণ আদায়ের স্বার্থে প্রযোজ্য পিডিআর এ্যাক্টের আওতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৫। নীতিমালা সংশোধন/সংযোজন/পরিবর্তন/ব্যাখ্যা/স্পষ্টীকরণ ইত্যাদি :

মাঠ পর্যায় হতে এ কর্মসূচির উপর প্রাপ্ত অভিজ্ঞতা ও সমস্যার নিরীখে প্রয়োজনে নীতিমালা সময়ে সময়ে সংশোধন, পরিবর্তন, সংযোজন বা বিয়োজন করা যেতে পারে।

০৬। ইহা অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৩০.০৯.২০১৯
(শামীমা ফেরদৌস শিমুল)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

প্রকা/ঋওঅবি-২/৫৪/২০১৯-২০২০/১৪৩(৪৫৩) তারিখ : ৩০.০৯.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী / রংপুর ।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট ও সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/ ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। অফিস নথি/মহানথি।

৩০.০৯.২০১৯
(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
মুখ্য কর্মকর্তা

সংযুক্তি 'ক'

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

......................................জোন

....শাখা

ছবি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি

ঋণ আবেদন পত্র

০১	নাম	ঃ	....
০২	পিতার নাম	ঃ	....
০৩	মাতার নাম	ঃ	....
০৪	স্বামী/স্ত্রীর নাম	ঃ	....
০৫	জন্ম তারিখ ও বর্তমান বয়স	ঃ	জন্ম তারিখ..................................বয়স..
০৬	শিক্ষাগত যোগ্যতা	ঃ	....
০৭	বৈবাহিক অবস্থা	ঃ	....
০৮	সন্তান/পোষ্য সংখ্যা	ঃ	সন্তান সংখ্যা..................................পোষ্য সংখ্যা................................
০৯	সঞ্চয়ী হিসাব নং-	ঃ	....
১০	বর্তমান ঠিকানা	ঃ	বাড়ী নং................................বাড়ীর নাম .... গ্রাম/মহল্লা.. পোঃ..থানা... জেলা..ফোন নং..
১১	স্থায়ী ঠিকানা	ঃ	গ্রাম/মহল্লা.. .পোঃ....................................... থানা.................................. .জেলা... মোবাইল নম্বর...
১২	পদবী ও শিক্ষক পরিচিতি নং	ঃ	পদবী.......................................শিক্ষক পরিচিতি নং........................
১৩	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	ঃ	....
১৪	শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা ও ফোন নং	ঃ	....
১৫	চাকুরীতে যোগদানের তারিখ	ঃ	...........................মোট চাকুরীকাল..
১৬	পিআরএল-এ যাওয়ার তারিখ	ঃ	....
১৭	মাসিক বেতন	ঃ	মূল বেতন..................................মোট বেতন..
১৮	বেতন থেকে মোট কর্তন	ঃ	....
১৯	নীট বেতন	ঃ	....
২০	বেতন ব্যতীত অন্যান্য আয়	ঃ	....
২১	মোট দায়-দেনার পরিমাণ	ঃ	....
২২	স্বামী/স্ত্রীর পেশা	ঃ	....
২৩	স্বামী/স্ত্রীর মাসিক নীট আয়	ঃ	....
২৪	ঋণের উদ্দেশ্য	ঃ	....
২৫	প্রয়োজনীয় টাকার পরিমাণ	ঃ	....
২৬	আবেদনকৃত ঋণের পরিমাণ	ঃ	....

আমি নিশ্চয়তা প্রদান করছি যে, উপরে বর্ণিত তথ্যাদি সত্য। আমি রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক,..................................শাখায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি'র আওতায় .... (কথায়...) টাকা ঋণ মঞ্জুরির জন্য আবেদন করছি এবং অঙ্গীকার করছি যে, ব্যাংকের শর্তানুযায়ী আমি প্রদত্ত ঋণ পরিশোধ করতে বাধ্য থাকব।

তারিখ :..

আবেদনকারীর পূর্ণ নামসহ স্বাক্ষর

সংযুক্তি 'খ'

এমপ্লয়ার্স সার্টিফিকেট

এই মর্মে প্রত্যয়ন করা হচ্ছে যে, জনাব..

পিতা/স্বামী...পদবী......................................শিক্ষক

পরিচিতি নং...............................কর্মস্থল/বিদ্যালয়ের নাম...

ঠিকানা..তিনি......

.... বছর যাবৎ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা হিসেবে কর্মরত আছেন।

তাঁর জন্ম তারিখ.. এবং পিআরএল শুরু হওয়ার তারিখ......................................।

তাঁর বর্তমান মাসিক মূল বেতন.............................টাকা, সর্বমোট বেতন.................................... টাকা এবং সমস্ত কর্তন বাদে প্রতিমাসে নীট বেতন............................ টাকা গ্রহণ করেন। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচির আওতায় রাজশাহী কৃষি উন্নয় ব্যাংক,..................................শাখা হতে তাঁর ঋণ গ্রহণের ক্ষেত্রে এই বিভাগের কোন আপত্তি নাই।

উপজেলা শিক্ষা অফিসার
(নামসহ সীলমোহর)

তারিখ:.................................

সংযুক্তি ''ঙ

Spouse guarantee

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, আমার স্ত্রী/স্বামী জনাব.. পিতা...মাতা..গ্রাম................................উপজেলা ....জেলা..................................এর নামে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক.....................শাখা হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচির আওতায় মঞ্জুরিকৃত টাকা .... (কথায়...) টাকা মাত্র ঋণ প্রদান করা হলে উক্ত ঋণের টাকা যথাযথভাবে ব্যবহৃত হবে এবং ঋণটি সুদাসলে যথাসময়ে আদায় নিশ্চিত হবে।

০২। আমি আরও নিশ্চয়তা প্রদান করছি যে, এ ঋণের সকল নিয়মকানুন যথাযথভাবে মেনে চলা হবে।

০৩। আমি আরও অংগীকার করছি যে, ঋণের টাকা সদ্ব্যবহার না হলে অথবা যথাসময়ে আদায় নিশ্চিত না হলে আমি ব্যক্তিগতভাবে ঋণটি সুদাসলে মেয়াদোত্তীর্ণ হওয়ার এক মাসের মধ্যে পরিশোধ করতে বাধ্য থাকব। অন্যথায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ঋণটি আদায়ের ব্যাপারে আমার বিরুদ্ধে যে কোন ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মেনে নিতে বাধ্য থাকব। এ বিষয়ে আমি কোন আপত্তি উত্থাপন করব না, করলেও তা আইনগতভাবে অগ্রাহ্য হবে।

স্বাক্ষী :

১। স্বাক্ষর :..
পূর্ণ নাম :..
পিতার নাম :..
মাতার নাম :..
ঠিকানা :...
....
....
....

২। স্বাক্ষর :..
পূর্ণ নাম :..
পিতার নাম :..
মাতার নাম :..
ঠিকানা :...
....
....
....

স্বাক্ষর...
নাম...
বর্তমান ঠিকানা...
....
....
....
স্থায়ী ঠিকানা :
পিতার নাম : ....
মাতার নাম : ....
গ্রাম :...
ডাকাঘর :..
থানা : ....
জেলা : ....

সংযুক্তি 'ঘ'

নিশ্চয়তা প্রদানকারীর অংগীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, জনাব.. পিতা..মাতা...গ্রাম...................................উপজেলা ....জেলা............................এর নামে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক.......................................শাখা হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি'র আওতায় টাকা .... (কথায়...) টাকা মাত্র ঋণ মঞ্জুরি প্রদান করা হলে উক্ত ঋণের টাকা যথাযথভাবে ব্যবহৃত হবে এবং ঋণটি সুদাসলে যথাসময়ে আদায় নিশ্চিত হবে।

০২। আমি আরও নিশ্চয়তা প্রদান করছি যে, উল্লিখিত ঋণগ্রহিতা এ ঋণের সকল নিয়মকানুন যথাযথভাবে মেনে চলবে।

০৩। আমি আরও অংগীকার করছি যে, ঋণের টাকার সদ্ব্যবহার না হলে অথবা যথাসময়ে আদায় নিশ্চিত না হলে আমি ব্যক্তিগতভাবে ঋণটি সুদাসলে মেয়াদোত্তীর্ণ হওয়ার এক মাসের মধ্যে পরিশোধ করতে বাধ্য থাকব। অন্যথায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ঋণটি আদায়ের ব্যাপারে আমার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মেনে নিতে বাধ্য থাকব।

০৪। আমি এই মর্মে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ক্ষমতা অর্পন করছি যে, আমার নিশ্চয়তার বিপরীতে প্রদত্ত ঋণ আদায়ে অনিশ্চয়তা দেখা দিলে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক,....................................শাখায় পরিচালিত আমার সঞ্চয়ী হিসাব নং............... এ জমাকৃত আমার মাসিক বেতন হতে ঋণের মেয়াদোত্তীর্ণ/অনাদায়ী টাকা এককালীন/কিস্তিতে কর্তন/সমন্বয় করতে পারবেন। এ বিষয়ে আমি কোন আপত্তি উত্থাপন করব না, করলেও তা আইনগতভাবে অগ্রাহ্য হবে।

স্বাক্ষী :

১। স্বাক্ষর..
পূর্ণ নাম..
পিতার নাম..
মাতার নাম..
ঠিকানা..
....
....
....

২। স্বাক্ষর..
পূর্ণ নাম..
পিতার নাম..
মাতার নাম..
ঠিকানা..
....
....
....

স্বাক্ষর..
নাম..
পদবী ....
বর্তমান কর্মস্থল..
শিক্ষক পরিচিতি নং..

স্থায়ী ঠিকানা :

পিতার নাম : ....
মাতার নাম : ....
গ্রাম :..
ডাকাঘর :..
থানা : ....
জেলা : ....

সংযুক্তি ''গ

ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
................................শাখা
....

ক্ষমতা অর্পণ পত্র

মহোদয়,

আমার ....তারিখের আবেদনের প্রেক্ষিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি'র আওতায় আমার অনুকূলে ....ইং তারিখে মঞ্জুরিকৃত .... কথায়..) টাকা................% সুদ হারে (ফ্ল্যাট রেটে) আসল..........................টাকা, সুদ............................টাকা, মোট.............................
(কথায়...) টাকা ঋণ নির্ধারিত কিস্তি মোতাবেক পরিশোধের লক্ষ্যে আমি রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ...শাখায় পরিচালিত আমার সঞ্চয়ী হিসাব নং ....এর বিপরীতে যথাযথভাবে স্বাক্ষরযুক্ত অগ্রিম তারিখের...............টি একাউন্ট পেয়ী চেক ব্যাংকে হস্তান্তর করলাম। প্রদত্ত চেকসমূহের মধ্যে পরপর দুইটি চেক ডিজঅনার হলে বা গৃহিত ঋণের পরপর ২টি কিস্তি খেলাপী হলে ব্যাংক অনাদায়ী ঋণের হালনাগাদ সুদসহ সমুদয় বকেয়া ঋণ আদায়ের জন্য আমার বিরুদ্ধে ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

স্বাক্ষী :

১। স্বাক্ষর: ....
পূর্ণ নাম : ....
পিতার নাম : ....
মাতার নাম : ....
ঠিকানা : ....
....
....

ঋণ গ্রহিতার স্বাক্ষর............................
পূর্ণ নাম : ....
শিক্ষক পরিচিতি নং : ....
পিতার নাম : ....
মাতার নাম : ....
ঠিকানা :.......................................
....
....

২. স্বাক্ষর: ....
পূর্ণ নাম : ....
পিতার নাম : ....
মাতার নাম : ....
ঠিকানা : ....
....
....

সংযুক্তি 'চ'

অংগীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী, পিতা : ...., মাতাঃ .... গ্রাম/মহল্লা :..............................., ডাকঘর :................................., থানা : .... জেলাঃ ...., বর্তমান কর্মস্থল....................................., পদবী ...., শিক্ষক পরিচিতি নং... এই মর্মে অংগীকার করছি যে, যদি আমার নিজের বা আমার ব্যাংক ঋণের নিশ্চয়তা প্রদানকারীর কর্মস্থল/ঠিকানা পরিবর্তন হয়, তবে তৎক্ষণাৎ পরিবর্তিত কর্মস্থল/ঠিকানা রাকাব, ...শাখা কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করব। আমি অন্যত্র বদলী হলে নতুন বদলীকৃত স্থানে অবস্থিত রাকাব এর শাখায় ঋণ হিসাবটি স্থানান্তর করার অধিকার রাকাব সংরক্ষণ করবে। বদলীকৃত স্থানে অবস্থিত রাকাব এর শাখার মাধ্যমে আমার বেতন প্রদান করা হলে ঐ শাখায় আমার সঞ্চয়ী হিসাবের বিপরীতে প্রয়োজনীয় সংখ্যক Post dated cheque প্রদান করতে বাধ্য থাকব। এছাড়া রাকাবের সংশ্লিষ্ট শাখার মাধ্যমে আমার বেতন প্রদান করা না হলে বেতনের অর্থ প্রদানকারী অন্য ব্যাংকের শাখায় বেতন সংশ্লিষ্ট আমার সঞ্চয়ী হিসাবের বিপরীতে প্রয়োজনীয় সংখ্যক Post dated cheque প্রদান করতে বাধ্য থাকব।

আমি আরও নিশ্চয়তা প্রদান করছি যে, উল্লিখিত অংগীকার আমি যথাযথভাবে মেনে চলব। অন্যথায় ব্যাংক কর্তৃপক্ষ আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।এ বিষয়ে আমি কোন আপত্তি উত্থাপন করব না, করলেও তা আইনগতভাবে অগ্রাহ্য হবে।

স্বাক্ষী :

উপজেলা শিক্ষা অফিসার/প্রধান শিক্ষক

(সাধারণ শিক্ষক/শিক্ষিকার ক্ষেত্রে প্রধান শিক্ষক এবং প্রধান শিক্ষকের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তা)

অংগীকারকারীর পূর্ণ নাম ও তারিখসহ স্বাক্ষর

সংযুক্তি 'ছ'

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

....জোন

....শাখা

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণের ....মাস ভিত্তিক বিবরণী।

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	শাখার নাম	ঋণ বিতরণ				ঋণ আদায়				অনাদায়ী ঋণের স্থিতি					
		চলতি মাসে		পুঞ্জীভূত		চলতি মাসে		পুঞ্জীভূত		শ্রেণীকৃত		অশ্রেণীকৃত		মোট	
		সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমান	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
মোট															

২য় কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

শাখা ব্যবস্থাপক/জোনাল ব্যবস্থাপক